



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd



তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৩.২৩.৭

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

- সূত্র: (১) জনাব মোঃ দুলাল মিয়া, কাউন্সিলর, ৫নং ওয়ার্ড, সোনারগাঁও পৌরসভা-এর ০৮/১০/২০২৩ খ্রি.তারিখের আবেদন
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৩.২৩.৮১৬; তারিখ: ২৬/১০/২০২৩ খ্রি.
(৩) সরকারি তোলারাম কলেজের অধ্যক্ষের স্মারক নং- সতোক/১০৬৫/২০২৩; তারিখ: ০৫/১২/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলাধীন সোনারগাঁও গঙ্গাবাসী ও রামচন্দ্র পোদ্দার ইনস্টিটিউশনের অধ্যক্ষের দুর্নীতি তদন্তের জন্য জনাব মোঃ দুলাল মিয়া, কাউন্সিলর, ৫নং ওয়ার্ড, সোনারগাঁও পৌরসভা, নারায়ণগঞ্জ আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে তদন্ত কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়। তদন্তে অধ্যক্ষ জনাব মো. সুলতান মিয়া এর বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগ প্রমাণিত হয়:

- (ক) নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা (এস.এস.সি তে ৩য় বিভাগ থাকা);
(খ) সরকারি পরিপত্র বা বিধি বিধান না মেনে প্রতিষ্ঠানের তহবিল হতে ভবন নির্মাণ; এবং
(গ) অধ্যক্ষ মো. সুলতান মিয়া কর্তৃক বিদেশ ভ্রমণের বিষয়টি প্রমাণিত এবং এ বিষয়ে গভর্নিংবডি/ অনুমতি সংক্রান্ত কোন প্রমাণক তিনি উপস্থাপন করতে পারেননি।

উপরোক্ত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন অধ্যক্ষ মো. সুলতান মিয়া এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে তাকে ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩-০১-২০২৪

তপন কুমার দাস

সহকারী পরিচালক

০২-৯৫৫৬০৫৭

ncollege@dshe.gov.bd

জনাব মো. সুলতান মিয়া, অধ্যক্ষ, সোনারগাঁও গঙ্গাবাসী ও রামচন্দ্র পোদ্দার ইনস্টিটিউশন মডেল স্কুল এন্ড কলেজ, নারায়ণগঞ্জ।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০৪৩.২৩.৭/১ (৬)

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা;
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নারায়ণগঞ্জ (প্রাপক কর্তৃক পত্র প্রাপ্তি নিশ্চিতের অনুরোধসহ);
- ৪। সভাপতি, গভর্নিংবডি, সোনারগাঁও গঙ্গাবাসী ও রামচন্দ্র পোদ্দার ইনস্টিটিউশন মডেল স্কুল এন্ড কলেজ, সোনারগাঁও, নারায়ণগঞ্জ (মতামত প্রদানের অনুরোধসহ);
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সোনারগাঁও, নারায়ণগঞ্জ এবং
- ৬। সংরক্ষণ, নথি।



Cemya

০৩-০১-২০২৪

তপন কুমার দাস
সহকারী পরিচালক